JUL 19 2006

যুগান্তর

তারিখ .. JUL 19 2006 ...
পৃষ্ঠা ১৭ কলাম ৭

# কলেজে ভর্তি : চট্টগ্রামে আসন সংখ্যার ৫ গুণ বেশি ফরম বিক্রি

গ্রাম ব্যুরো

গ্রামে পছন্দের সেরা কলেজে ভর্তি নিয়ে ছাত্রছাত্রীরা এখন রুণ টেনশনে। চট্টগ্রাম কলেজ, মহসিন কলেজ, কমার্স লেজ, সিটি কলেজসহ প্রতিটি কলেজই মঙ্গলবার পর্যন্ত আসন ংখ্যার তিন থেকে পাঁচ গুণ ফরম বিক্রি করেছে। সাধারণ ছাত্র ত্রীরা তো দূরের কথা, আসন সঙ্কটের কারণে নামিদামি লেজগুলোতে জিপিএ-৫প্রাপ্তদের অধিকাংশই ভর্তি হতে রবে না। গত ক'দিন প্রতিদিনই ছিল প্রতিটি লেজের সামনে ছাত্রছাত্রীদের দীর্ঘলাইন। ফরম ংগ্রহ করতে তারা ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে কছে। এছাড়াও অন্যান্য বোর্ড থেকে পাস করা ত্রছাত্রীরাও চট্টগ্রামের নামিদামি কলেজে ভর্তি তে চেষ্টা চালাচ্ছে। ভর্তি নিয়ে শিক্ষার্থীদের শাপাশি অভিভাবকদেরও দুশ্চিন্তার শেষ নেই। চট্টগ্রাম কলেজ ১ জুলাই থেকে ফরম বিতরণ শুরু করে। মঙ্গলবার পর্যন্ত এ লেজে বিজ্ঞান বিভাগে ফরম বিতরণ করা হয়েছে ২ হাজার ১৩ এবং মানবিক বিভাগে ৯শ'সহ মোট ৩ হাজার ১১৩টি। খানে আসন রয়েছে বিজ্ঞান বিভাগে ৪৫০ ও মানবিকে ০০টি। বিজ্ঞানে জিপিএ-৫, মানবিক বিভাগে ৩ দশমিক ৫ প্রাপ্তরাই ফরম সংগ্রহ করতে পারছে। আগামীকাল পর্যন্ত এ কলেজে ফরম বিতরণ করা হবে। মহসিন কলেজে ফরম বিতরণ করা হয়েছে বিজ্ঞান বিভাগে ২ হাজার ২৮০, ব্যবসায় শিক্ষা বিভাগে ১ হাজার ৯৪২ ও মানবিক বিভাগে ১ হাজার ১৪০টিসহ মোট ৫ হাজার ৩৬২টি। এখানে আসন সংখ্যা বিজ্ঞানে ৪৫০, মানবিকে ৪০০ এবং ব্যবসায় শিক্ষা ৪৫০টি। বিজ্ঞান বিভাগে জিপিএ-৫, মানবিক বিভাগে ৩ দশমিক ২৫ ও

গত ক'দিন প্রতিদিনই ছিল প্রতিটি কলেজের সামনে ছাত্রছাত্রীদের দীর্ঘলাইন

ব্যবসায় শিক্ষা বিভাগে ৪ দশমিক ৫ জিপিএ প্রাপ্তরাই ফরম সংগ্রহ করতে পারছে। ২৩ জুলাই পর্যন্ত এ কলেজে ফরম বিতরণ চলবে। কমার্স কলেজে ফরম বিতরণ করা হয়েছে ১৭শ'টি। এখানে আসন রয়েছে ৬শ'টি। ৪ দশমিক ৫০ জিপিএ প্রাপ্তরাই এখান থেকে ফরম নিতে পারছে। ফরম বিতরণ চলবে ২৫ জুলাই পর্যন্ত। সব মিলিয়ে এ তিন কলেজে ১ হাজার ৬৫০টি আসন রয়েছে। মঙ্গলবার পর্যন্ত ফরম বিতরণ হয়ে ১০ হাজার ১৭৫টি। যা আসন সংখ্যার প্রায় চার গুণ। আজ আগামীকালের মধ্যে এ পরিসংখ্যান আরও কয়েকগুণ বৃ পাবে বলে কলেজ সূত্র জানায়। এছাড়া সরকারি সিটি কলে দিবা শাখায় ৪ দশমিক ৮৮, মানবিক বিভাগে ৩ ও ব্যবস শিক্ষা বিভাগে ৪ দশমিক ২৫ জিপিএ, নৈশ শাখায় ব্যবস শিক্ষা বিভাগে ৪ ও মানবিক বিভাগে ২ দশমিক ৫ জিপি সরকারি মহিলা কলেজে আগামী রোববার থে বিজ্ঞান বিভাগে ৩ দশমিক ৫ ও মানবিক বিভাগে দশমিক ৫ জিপিএ প্রাপ্ত ছাত্রছাত্রীরা ফরম সংগ্রহ করা পারছে। ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজে বিজ্ঞা জিপিএ-৪, মানবিকে ২ দশমিক ৭৫ ও ব্যবসায় শি বিভাগে ৩ দশমিক ৭৫ জিপিএ এবং আগ্রাবাদ মহি কলেজে বিজ্ঞানে জিপিএ ৪, মানবিকে ২ দশমিক ৭৫ ব্যবসায় শিক্ষা বিভাগে ৩ দশমিক ৭৫ জিপিএ প্রাপ্তরা ফ সংগ্রহ করতে পারবে। সরকারি কলেজের পাশাপাশি চট্টগ্র পাবলিক স্কুল এন্ড কলেজ, বাংলাদেশ মহিলা সমিতি স্কুল এ কলেজ, বিএএফ শাহীন কলেজসহ অন্যান্য কলেজেও ড ফরম বিতরণ শুরু হয়েছে।